

## সরকারী জরুরী ব্যবস্থাপনা আইন এবং NYC মানব সম্পদ প্রশাসন COVID-19 অন্ত্যেষ্টিক্রিয়া সহায়তা মৃত্যু সনদ সংগ্রহ প্রক্রিয়া

আমি কিভাবে সরকারী জরুরী ব্যবস্থাপনা আইন (Federal Emergency Management Act, FEMA) COVID-19 অন্ত্যেষ্টিক্রিয়া সহায়তা বা NYC মানব সম্পদ প্রশাসন (Human Resource Administration, HRA) COVID-19 সমাহিতকরণ সহায়তা প্রকল্পসমূহের জন্য আবেদন করব?

- FEMA COVID-19 অন্ত্যেষ্টিক্রিয়া সহায়তা প্রকল্পের জন্য আবেদন করতে, [fema.gov/disasters/coronavirus/economic/funeral-assistance](https://fema.gov/disasters/coronavirus/economic/funeral-assistance) ভিজিট করুন।
- NYC HRA COVID-19 সমাহিতকরণ সহায়তা প্রকল্পের জন্য আবেদন করতে, [www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page](https://www1.nyc.gov/site/hra/help/burial-assistance.page) ভিজিট করুন।

**NYC তে মারা গেছে এমন কারো জন্য মৃত্যুর কারণ দেখানো আছে এমন মৃত্যু সনদ আমি কিভাবে পাব?**

NYC স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (NYC স্বাস্থ্য দপ্তর) কর্তৃক NYC তে (ব্রক্স, ব্রুকলিন, ম্যানহাটন, কুইনস ও স্ট্যাটেন আইল্যান্ড) ঘটা মৃত্যুর জন্য মৃত্যু সনদ প্রদান করা হয়। চিকিৎসা প্রতিষ্ঠান দ্বারা একজন ব্যক্তির মৃত্যুর কথা জানানো হলে ও NYC স্বাস্থ্য দপ্তর কর্তৃক ঘটনাটি নিবন্ধিত হওয়ার পর মৃত্যু সনদ পাওয়া যায়।

কোনো শেষকৃত্য প্রতিষ্ঠান যদি এতে সংশ্লিষ্ট থাকে, তাহলে মৃত্যু সনদ পাওয়ার সবচেয়ে দ্রুত উপায় হচ্ছে যে শেষকৃত্য পরিচালক শেষকৃত্যের আয়োজন করেছিলেন তার কাছ থেকে এটি চেয়ে নেওয়া। ব্যক্তির মৃত্যুর পর দুই বছর সময় পর্যন্ত শেষকৃত্য পরিচালক আপনার হয়ে মৃত্যু সনদ সংগ্রহ করে দিতে পারেন।

যদি কোনো শেষকৃত্য প্রতিষ্ঠান জড়িত না থাকে অথবা আপনি শেষকৃত্য পরিচালকের কাছ থেকে মৃত্যু সনদ সংগ্রহ করতে অপারগ হন, তাহলে আপনি অনলাইনে [vitalchek.com](https://vitalchek.com) থেকেও এটি অর্ডার করতে পারেন। মৃত্যু সনদ সংগ্রহ সম্পর্কে বাড়তি তথ্যের জন্য NYC স্বাস্থ্য দপ্তরের [মৃত্যু সনদসম্পর্কিত ওয়েব পেজ](#) দেখুন।

**মৃত্যুর কারণ দেখানো আছে এমন একটি মৃত্যু সনদ পাওয়ার অনুরোধ করার অধিকার কারা রাখেন?**

মৃত ব্যক্তির সাথে শুধুমাত্র নিচের সম্পর্ক রাখেন এমন ব্যক্তিরাই মৃত্যু সনদ ও মৃত্যুর কারণ উভয়টি সংগ্রহ করার অনুরোধ করতে পারেন: স্বামী/স্ত্রী; গৃহ সঙ্গী বা ডোমেস্টিক পার্টনার; পিতা/মাতা; সন্তান; ভাই/বোন; দাদা/দাদী/নানা/নানী; নাতি/নাতনি; সনদে উল্লেখিত কোনো ব্যক্তি; সংকারের জন্য নিয়োজিত ব্যক্তি

## একটি মৃত্যু সনদের জন্য ফি কত?

প্রতিটি সার্টিফাইড কপি খরচ \$15। অনলাইনে মৃত্যু সনদ অর্ডার করা হলে বাড়তি খরচ যোগ হবে।

## আমি কি মৃত্যু রেকর্ডের একটি সার্টিফাইড কপি পাব?

হ্যাঁ। NYC স্বাস্থ্য দপ্তর কর্তৃক মূল মৃত্যু সনদের একটি সার্টিফাইড কপি প্রদান করা হবে। NYC এর সার্টিফাইড মৃত্যু সনদে কয়েকটি নিরাপত্তা বৈশিষ্ট্য থাকবে যাতে বোঝা যাবে যে সনদটি আসল। আপনি যদি মৃত্যুর কারণ সংগ্রহ করার অধিকার রাখেন (উপরে দেখুন), তাহলে আপনি "গোপনীয় মেডিক্যাল রিপোর্ট" ও পাবেন যাতে মৃত্যুর কারণ বর্ণিত থাকবে। এই ডকুমেন্টে মৃত ব্যক্তির নাম, মৃত্যু সনদের নম্বরও দেখানো থাকবে এবং এটি বন্ড পেপারে প্রিন্ট করা হবে।

## মৃত্যু সনদে যদি মৃত্যুর কারণ দেখানো না থাকে তাহলে আমি কিভাবে মৃত্যুর কারণ জানার জন্য একটি অনুরোধ করতে পারি?

দয়া করে মৃত্যু সনদ অর্ডার করার সময় মৃত্যুর কারণ জানার জন্যেও অনুরোধ করুন।

## মৃত্যুর কারণ জানার জন্য কি বাড়তি কোনো খরচ আছে?

না। মৃত্যুর কারণ জানার জন্য বাড়তি কোনো খরচ নেই।

## মৃত্যুর কারণ যদি "মূলতবি" দেখানো থাকে তাহলে আমি কী করব?

মৃত্যুর কারণ যদি "মূলতবি" দেখানো থাকে, তাহলে মূল মৃত্যু সনদ প্রদান করার তারিখের তিন মাসের মধ্যে আপনি মৃত্যু সনদটি বদলে নিতে পারবেন। সনদ প্রদান করার তারিখটি মৃত্যু সনদের একদম নিচে লেখা থাকে। আপনি চাইলে অনলাইনে মৃত্যুর কারণসহ একটি নতুন মৃত্যু সনদও অর্ডার করতে পারেন, যেটি আপনি মৃত্যু সনদ বদলে নেওয়ার চাইতে দ্রুত হাতে পাবেন।

## ব্যক্তিটি COVID-19 এ মারা যাওয়ার পরেও কেন সনদে দেখানো হয়েছে যে তিনি স্বাভাবিক কারণে মারা গেছেন?

এপ্রিল 2020 এ, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধের কেন্দ্র সিদ্ধান্ত নেয় যে COVID-19 সংক্রমণের ফলে মৃত্যু হলে, মৃত্যুর কারণ প্রায় সকল ক্ষেত্রেই স্বাভাবিক বলে ধরা হবে।

## মৃত্যুর কারণ হিসাবে যদি COVID-19 উল্লেখ না থাকে তাহলে আমি কী করব?

প্রথমে আপনার উচিত হবে মৃত্যুর বর্তমান কারণটিকে বদলে প্রাথমিক কারণ বা আংশিক কারণ হিসাবে COVID-19 কে কিভাবে দেখানো যায় সে সম্পর্কে তথ্যের জন্য মৃত্যু সনদ প্রদানকারী চিকিৎসক বা চিকিৎসা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করা। আপনি যদি মৃত্যু সনদে উল্লেখিত কোনো ব্যক্তি হন অথবা সংস্কারের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি হন তাহলে আপনি মৃত্যুর কারণ বদলানোর জন্য NYC স্বাস্থ্য দপ্তরের কাছে একটি অনুরোধ দাখিল করতে পারেন। আপনাকে কী কী কাগজপত্র দাখিল করতে হবে সে সম্পর্কে নির্দেশনার জন্য, NYC স্বাস্থ্য দপ্তরের [সনদপত্র সংশোধন ওষেবপেজের](#) প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী অংশে, "What is the process to correct a death certificate?" (মৃত্যু সনদ সংশোধন করার প্রক্রিয়াটি কী?) অনুচ্ছেদটি দেখুন।

পরিস্থিতি যেমন হবে সেই অনুযায়ী NYC স্বাস্থ্য দপ্তর তার সুপারিশগুলি পরিবর্তন করতে পারে।

**4.11.21**